



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী

e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd

online news portal: rcbarta.com

স্মারক নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২৬.১৯০৮

তারিখ: ২১ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

বিষয়: রাজশাহী কলেজের নাম, ভবন, লোগো ও দাপ্তরিক পরিচয় ব্যবহার করে অননুমোদিত ফেইসবুক পেইজ/গ্রুপ পরিচালনা এবং বিভ্রান্তিকর/আপত্তিকর তথ্য প্রচার বন্ধকরণ প্রসঙ্গে

সূত্র: স্মারক নং-৩৭.০২.০০০০.০০০.১১৬.৯৯.০০০১.২৩.২১০, তারিখ: ০৪/১০/২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে বিভিন্ন ব্যক্তি/ব্যক্তিবর্গ কর্তৃক রাজশাহী কলেজের নাম, ভবন, লোগো/প্রতীক ও দাপ্তরিক পরিচয় ব্যবহার করে বিভিন্ন ফেইজবুক পেইজ ও গ্রুপ পরিচালনা করা হচ্ছে। এসব পেইজ/গ্রুপের কোনটিই রাজশাহী কলেজ কর্তৃক অননুমোদিত বা পরিচালিত নয় এবং এসব পরিচালনার ক্ষেত্রে কলেজের কোন সংশ্লিষ্টতা নেই বা পূর্বানুমতি গ্রহণ করা হয়নি। প্রকৃতপক্ষে রাজশাহী কলেজের Rajshahi College (Official Facebook Page) নামে অফিসিয়াল ফেইসবুক পেইজ ছাড়া আর কোন অননুমোদিত পেইজ নেই।

পরিলক্ষিত হচ্ছে যে, অননুমোদিত পেইজ থেকে কলেজের দাপ্তরিক সিদ্ধান্ত, আদেশ, বিজ্ঞপ্তি বা কার্যক্রম সম্পর্কে অননুমোদনহীন ও বিভ্রান্তিকর তথ্য প্রচার করা হচ্ছে। এ ছাড়াও কোন কোন পেইজ/গ্রুপে ব্যক্তি বিশেষের বিরুদ্ধে অশালীন, মানহানিকর, আপত্তিকর ও অসত্য বক্তব্য এবং রাষ্ট্র ও সরকার সম্পর্কিত বিভিন্ন ধরনের অনভিপ্রেত বক্তব্য/মন্তব্য প্রকাশ করা হচ্ছে। এ ধরনের কার্যক্রমের মাধ্যমে একদিকে যেমন সাধারণ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও জনগণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে, অন্যদিকে কলেজের ভাবমূর্তি ও দাপ্তরিক তথ্যের গ্রহণযোগ্যতা ক্ষুণ্ণ হচ্ছে।

এমতাবস্থায় এই বিজ্ঞপ্তি প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে কলেজের পূর্বানুমোদন ব্যতীত কলেজের নাম, সংক্ষিপ্ত নাম, ভবন, লোগো, প্রতীক বা দাপ্তরিক পরিচয় ব্যবহার করে কোন পেইজ/গ্রুপ পরিচালনাসহ সকল কার্যক্রম বন্ধ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হলো। এ বিজ্ঞপ্তি জারির পরও কোন ব্যক্তি/ব্যক্তিবর্গ কর্তৃক কলেজের পূর্বানুমোদন ব্যতীত কলেজের নাম, সংক্ষিপ্ত নাম, ভবন, লোগো, প্রতীক বা দাপ্তরিক পরিচয় ব্যবহার করে ফেইসবুক পেইজ/গ্রুপ পরিচালনা এবং আইনবিরোধী বা আপত্তিকর কার্যক্রম অব্যাহত রাখা হলে কোন প্রকার অতিরিক্ত সতর্কীকরণ ব্যতিরেকে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রচলিত আইন, বিধি, নীতিমালা ও সরকারি নির্দেশনা অনুযায়ী যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬/১০/২০২৬

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

০২৫৮৮৮৫৫৪৭৫